# পথশিশুদের সুরক্ষা ও অধিকার নিশ্চিতে রাজনৈতিক দলসমূহের জন্য প্রস্তাবিত ইশতেহার – **LEEDO**

---

আসন্ন জাতীয় নির্বাচনের প্রেক্ষাপটে বাংলাদেশের সকল রাজনৈতিক দলকে অঙ্গীকার করতে হবে যে, ভবিষ্যৎ সরকার পথশিশু ও সুবিধাবঞ্চিত শিশুদের সুরক্ষা, উন্নয়ন ও অধিকার নিশ্চিতে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করবে:

• পথশিশু ও সুবিধাবঞ্চিত শিশুদের কল্যাণ নিশ্চিত করতে একটি স্বতন্ত্র মন্ত্রণালয় বা অধিদপ্তর গঠন করা হবে। উক্ত মন্ত্রণালয় বা অধিদপ্তরের অধীনে পথশিশুদের প্রতিনিধিত্বমূলক একটি পরামর্শক দল থাকবে, যারা নিয়মিতভাবে সুবিধাবঞ্চিত পথশিশুদের সঙ্গে সরকারি দপ্তরের যোগাযোগ ও সমন্বয় নিশ্চিত করবে।

• প্রতিটি শিশুকে একটি বৈধ পরিচয়পত্র প্রদান করে তাদের আইনি পরিচয় নিশ্চিত করা হবে। পরিবারবিহীন ও জন্মনিবন্ধনবিহীন শিশুদের জন্য বিশেষ ব্যবস্থায় জাতীয় জন্ম সনদ প্রদান করা হবে।

• পথশিশুদের জন্য একটি কেন্দ্রীয় ডিজিটাল অ্যাপ বা পোর্টাল চালু করা হবে, যেখানে তাদের ছবি, নাম, খুঁজে পাওয়ার স্থান ও সময়সহ প্রাসঙ্গিক তথ্য নিয়মিত হালনাগাদ থাকবে, যাতে হারিয়ে যাওয়া শিশুদের উদ্ধার কার্যক্রম দ্রুত ও কার্যকরভাবে সম্পন্ন করা যায়। একই সঙ্গে পরিবারসম্পৃক্ত পথশিশুদের তথ্য সংরক্ষণ করা হবে, যাতে সরকারি ও বেসরকারি সহায়তা প্রদান সহজ হয়। উক্ত পোর্টালে একটি সাইবার নিরাপত্তা সেল থাকবে, যা পথশিশুদের অনলাইন হয়রানি, অপমান ও সম্মানহানির বিরুদ্ধে সুরক্ষা নিশ্চিত করবে।

• পথশিশু ও সুবিধাবঞ্চিত শিশুদের নিরাপত্তা, সুরক্ষা ও আশ্রয় নিশ্চিত করতে দেশের বিভিন্ন রেলওয়ে স্টেশন, বাস টার্মিনাল ও জনবহুল এলাকায় শিশুদের জন্য বিশেষ হেল্প ডেস্ক স্থাপন করা হবে। একই সঙ্গে বিদ্যমান চাইল্ড হেল্পলাইন নম্বর ১০৯৮ সম্পর্কে সারাদেশে ব্যাপক জনসচেতনতা তৈরি করা হবে।

• গ্রেড ১ থেকে এসএসসি পর্যন্ত সকল শিশুর জন্য, বিশেষত পথশিশুদের জন্য, সম্পূর্ণ বিনামূল্যে শিক্ষা নিশ্চিত করা হবে। শিক্ষা প্রতিষ্ঠানে পথশিশু ও সুবিধাবঞ্চিত শিশুদের প্রতি সাধারণ শিক্ষার্থীদের মতোই সমান মর্যাদা, সম্মান ও মানবিক আচরণ নিশ্চিত করতে কার্যকর সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হবে।

• গৃহহীন, খাদ্য-নিরাপত্তাহীন ও আশ্রয়বঞ্চিত শিশুদের জন্য উপজেলা পর্যায়ে জরুরি আবাসন ব্যবস্থা গড়ে তোলা হবে। পাশাপাশি সরকারি বিদ্যালয়গুলোতে পরিবারহীন ও অসহায় শিশুদের জন্য আবাসিক সুবিধা প্রদান করা হবে।

• ১৫ বছর বা তদূর্ধ্ব শিশুদের জন্য কারিগরি ও জীবনমুখী প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করা হবে, যাতে তারা ঝুঁকিপূর্ণ ও বিপজ্জনক শ্রমে জড়াতে বাধ্য না হয় এবং তাদের স্বাস্থ্য, নিরাপত্তা ও ভবিষ্যৎ সুরক্ষিত থাকে।

• প্রতিটি সরকারি ও জরুরি হাসপাতালে পথশিশুদের জন্য একটি আলাদা সেবা ডেস্ক স্থাপন করা হবে, যেখানে বিনামূল্যে চিকিৎসা সেবা ও প্রয়োজনীয় ওষুধ সরবরাহ নিশ্চিত করা হবে।

• শিশুদের জন্য আশ্রয়কেন্দ্রের সংখ্যা বৃদ্ধি করা হবে এবং এসব কেন্দ্র পরিচালনার জন্য মানবিক, দক্ষ ও দায়িত্বশীল জনবল নিয়োগ নিশ্চিত করা হবে।

• শিশুদের মাদকাসক্তি প্রতিরোধে জাতীয় পর্যায়ে সচেতনতামূলক প্রচারণা ও কর্মসূচি গ্রহণ করা হবে, যাতে তারা মাদক ব্যবসায়ীদের শোষণের শিকার না হয়। পথশিশুদের মাদকাসক্তি থেকে মুক্ত করতে বিনামূল্যে পুনর্বাসন কেন্দ্র স্থাপন করা হবে।

• পথশিশুদের জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ক্রীড়া, শিল্পকলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ নিশ্চিত করা হবে, যাতে তাদের প্রতিভা বিকাশের পথ উন্মুক্ত হয়।

• রাজনৈতিক দলসমূহ শিশুদের কোনো ধরনের রাজনৈতিক কার্যক্রমে যেমন সভা-সমাবেশ, মিছিল, শোডাউন বা প্রচারণায় ব্যবহার না করার বিষয়ে সুস্পষ্ট অঙ্গীকার করবে।

# Proposed Election Manifesto for Political Parties to Ensure Protection and Rights of Street Children- LEEDO

--------------------------------------------------------

Ahead of the upcoming national election, all political parties in Bangladesh must commit that the future government will take the following measures to ensure the protection, development, and rights of street children and underprivileged children:

• Establish a separate ministry or directorate dedicated to the welfare of street children and underprivileged children. Under this body, a representative advisory group of street children will be formed to maintain regular communication between disadvantaged children and government authorities.

• Ensure legal identity for every child by providing a valid identification document. Special arrangements will be made to issue national birth certificates for children without families and those lacking birth registration.

• Launch a centralized digital app or portal for street children, where updated information including photographs, names, locations, and time of identification will be maintained to facilitate the swift recovery of missing children.

Information about street children connected to families will also be included to enable easier delivery of government and non-government support. The portal will include a cyber safety cell to protect children from online harassment, abuse, and defamation.

• Set up special help desks for children at major railway stations, bus terminals, and other high-traffic public areas to ensure the safety, protection, and shelter of street and underprivileged children. Nationwide awareness will be raised about the existing Child Helpline number 1098.

• Ensure completely free education from Grade 1 to SSC for all children, with special emphasis on street children. Equal dignity, respect, and humane treatment for street and disadvantaged children within educational institutions will be ensured through awareness and monitoring mechanisms.

• Establish emergency shelter facilities at the upazila level for homeless, food-insecure, and shelterless children. Residential facilities will also be provided for orphaned and vulnerable children within government schools.

- Provide vocational and life-skills training for children aged 15 and above to prevent their involvement in hazardous and unsafe labor that threatens their health, safety, and future.

- Create dedicated service desks for street children in every public and emergency hospital to ensure free medical treatment and access to essential medicines.

- Increase the number of child shelter homes and ensure that they are managed by humane, trained, and responsible personnel.

- Implement national awareness and prevention programs to combat child drug addiction, protecting children from exploitation by drug traffickers. Free rehabilitation centres will be established for street children affected by substance abuse.

- Ensure opportunities for street children to participate in national and international sports, arts, and cultural events and competitions to support their holistic development and talent recognition.

- Political parties will commit to refraining from using children in any political activities, including rallies, processions, demonstrations, or campaign events.